জরুরী

**বিশেষ বাহক দ্বারা**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচী-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৬.১৪-৯৬ তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/গম) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে নির্বাচনী এলাকা ও সংরক্ষিত মহিলা আসন ভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে মূল বরাদ্দ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২০১৪-১৫ অর্থ বছরে ২য় পর্যায়ে কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি (কাবিখা) খাত থেকে নির্বাচনী এলাকা ভিত্তিক বিশেষ বরাদ্দ (সম্পূর্ণ সিটি কর্পোরেশনভুক্ত এলাকা যথাক্রমে : রাজশাহী-২, খুলনা-২, খুলনা-৩, ঢাকা-৬, ঢাকা-৭, ঢাকা-৮, ঢাকা-১০, ঢাকা-১২, ঢাকা-১৩, ঢাকা-১৫, ঢাকা-১৬, ঢাকা-১৭, গাজীপুর-২, চট্টগ্রাম-৯, চট্টগ্রাম-১০ এবং চট্টগ্রাম-১১ সর্বমোট ১৬ টি এবং ৭টি আংশিক সিটি কর্পোরেশনভুক্ত নির্বাচনী এলাকা যথাক্রমে রংপুর-৩, ঢাকা-৪, ঢাকা-৫, ঢাকা-৯, ঢাকা-১১, ঢাকা-১৪ ও ঢাকা-১৮ ব্যতীত) নিম্নবর্ণিত বিভাজন অনুসারে ও শর্তে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নির্বাচনী ও সংরক্ষিত আসন (এলাকা) ভিত্তিক ৯০,৩১,৬০,০০০/- (নব্বই কোটি একত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা এবং ৪২,৯৪২ (বিয়াল্লিশ হাজার নয়শত বিয়াল্লিশ)) মে. টন খাদ্যশস্য (গম)-এর মূল বরাদ্দ মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এর অনুকূলে ছাড় করা হলো :

| ক্রমিক | নির্বাচনী এলাকা, সংরক্ষিত মহিলা আসনভিত্তিক বরাদ্দ | মোট বরাদ্দের পরিমাণ (টাকা) | মোট বরাদ্দের পরিমাণ (গম) |
|---|---|---|---|
| ১। | ২৭৭টি আসন (২৭৭X৩০,৮০,০০০/- টাকা) | ৮৫,৩১,৬০,০০০/-টাকা | ------ |
| | ২৭৭ টি (২৭৭X১৪৬ মে. টন) | ------ | ৪০,৪৪২ মে. টন গম |
| ২। | সংরক্ষিত মহিলা আসন ৫০ টি (৫০X৫০ মে. টন) | ------ | ২,৫০০ মে. টন গম |
| | সংরক্ষিত মহিলা আসন ৫০ টি (৫০X১০,০০,০০০/- টাকা) | ৫,০০,০০,০০০/- টাকা | ------ |
| | সর্বমোট: | ৯০,৩১,৬০,০০০/- টাকা | ৪২,৯৪২ মে. টন গম |

শর্তসমূহ :

১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ৩০ এপ্রিল ২০১৫ খ্রি. তারিখের মধ্যে কাবিখা নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

২) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত "গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচি নির্দেশিকা" অনুসারে প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য অনুচ্ছেদ এবং সকল বিধি-বিধান/পদ্ধতি অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করতে হবে এবং এ মন্ত্রণালয় ও অধিদপ্তর বরাবর বাস্তবায়ন বিষয়টি অবহিত করতে হবে;

৩) এ কর্মসুচির খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত ১ এ বর্ণিত নির্দেশিকা-এর অনুশাসনাবলী অনুসরণ করতে হবে;

৪) সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য বরাদ্দ/ব্যবহারের ক্ষেত্রে কাবিখা নির্দেশিকা ২(ঙ) অনুচ্ছেদ প্রযোজ্য হবে;

৫) পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

৬) এই সরকারী আদেশ বরাদ্দকৃত অর্থ সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন : ৯৫৪০১৩৯
ই-মেইল:dsreliefprog2@modmr.gov.bd

**মহাপরিচালক**
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৬.১৪-৯৬/১(১০) তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। জেলা প্রশাসক, (সকল)------------------------------------(মাননীয় সংসদ সদস্যগণকে অবগত করানোর অনুরোধসহ)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিষ্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৫/০৪/২০১৫

(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)